

০৭. সাপেক্ষ সর্বনাম
যে সমস্ত সর্বনাম পদ পরস্পর নির্ভরশীল, তাদেরকে সাপেক্ষ সর্বনাম (Correlative Pronoun) বলে।
যেমন- যে-সে, যত-তত, যা-তা, যিনি-তিনি ইত্যাদি।
০৮. পারস্পরিক সর্বনাম
যে সমস্ত সর্বনাম পদ দু-পক্ষের সহযোগ বা পারস্পরিক নির্ভরতা বোঝাতে ব্যবহৃত হয়, তাদেরকে পারস্পরিক বা ব্যতিহারিক সর্বনাম (Reciprocal Pronoun) বলে। যেমন- নিজে-নিজে, নিজেরা-নিজেরা, আপনা-আপনি ইত্যাদি।
০৯. সকলবাচক সর্বনাম
যে সমস্ত সর্বনাম পদ সমষ্টিবাচক ব্যক্তি, বস্তু বা ভাবের পরিবর্তে ব্যবহৃত হয়, তাদেরকে সাকল্যবাচক সর্বনাম (Inclusive Pronoun) বলে। যেমন- সকল, সব, সবাই ইত্যাদি।
১০. অন্যবাচক সর্বনাম
যে সমস্ত সর্বনাম পদ নিজেকে ছাড়া অন্য কোনো অনির্দিষ্ট ব্যক্তিকে বোঝাতে ব্যবহৃত হয়, তাদেরকে অন্যান্যবাচক সর্বনাম (Different Pronoun) বলে। যেমন- অন্য, অপর, পর ইত্যাদি।